# যুবদল নেতা আরিফ হত্যায় সুব্রত বাইনের ১০ দিনের রিমান্ড চেয়ে ডিবির আবেদন




সংগৃহীত ছবি

রাজধানীর হাতিরঝিলে যুবদল নেতা মো. আরিফ সিকদার হত্যার ঘটনায় দায়ের করা মামলায় গ্রেপ্তার দেখানো সুব্রত বাইন ওরফে ফতেহ আলীর ১০ দিনের রিমান্ড চেয়ে আবেদন করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ।

বুধবার (৯ জুলাই) দুপুরে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে এ রিমান্ড আবেদনের শুনানি হওয়ার কথা রয়েছে।

এর আগে, গত ২৩ জুন মামলার তদন্ত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে আদালত সুব্রত বাইনের বিরুদ্ধে গ্রেপ্তার দেখানোর আদেশ দেন। ওই দিন তাকে কারাগার থেকে ভার্চুয়ালি আদালতে হাজির করা হয়।

মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ১৯ এপ্রিল রাতে রাজধানীর নয়াটোলা মোড়ল গলির 'দি ঝিল ক্যাফে'র সামনে যুবদল নেতা মো. আরিফ সিকদারকে গুলি করা হয়। পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় ২১ এপ্রিল তার মৃত্যু হয়। নিহত আরিফ সিকদার ঢাকা মহানগর উত্তরের ৩৬ নম্বর ওয়ার্ড যুবদলের সাবেক সহ-ক্রীড়া সম্পাদক ছিলেন।

ঘটনার পর নিহতের বোন রিমা আক্তার বাদী হয়ে সুব্রত বাইনের সহযোগী মাহফুজুর রহমান বিপুসহ ১০ জনের বিরুদ্ধে হাতিরঝিল থানায় হত্যা মামলা দায়ের করেন। মামলাটি তদন্ত করছে ডিবির তেজগাঁও বিভাগ।

অপর আসামিরা হলেন— মো. ইয়াছিন (১৯), মো. আসিফ হোসেন (২১), মো. অনিক (১৯), মো. মিরাজ (১৯), মো. আশিক (১৯), মো. ইফতি (২৪), জাফর ইমাম তরফদার মন্টু (৪০), রতন শেখ (৪৫) ও আলিফ (১৯)।

উল্লেখ্য, গত ২৭ মে সুব্রত বাইন ও তার সহযোগী মোল্লা মাসুদসহ চারজনকে অস্ত্রসহ গ্রেপ্তার করে সেনাবাহিনী। পরদিন হাতিরঝিল থানায় অস্ত্র আইনে দায়ের করা মামলায় সুব্রতের আট দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত।